



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭



স্মারক নং-ঢাপ্রপ্রবি/নিলাম/২০২২-২৩/০১

তারিখ : ২৩/১১/২০২২ খ্রিঃ


নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর মূল ক্যাম্পাসে নিম্নে বর্ণিত পরিমাপের পুরাতন ঝুঁকিপূর্ণ সাব-স্টেশন ভবন, নতুন ক্যাম্পাসের কিছু টিন সেড স্থাপনা ও ঝড়ে হেলে যাওয়া একটি মেহগনি গাছসহ পুরাতন/অকেজো/পরিত্যক্ত মালামাল/ “যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়” নির্ধারিত নিলাম দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট হতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমান/সংখ্যা	সিডিউল গ্রুপ
১.	পুরাতন ঝুঁকিপূর্ণ সাব-স্টেশন ভবন সাইজ : ৪৫'-৬" × ১৬'-৬" (দুই তলা) ও ২৮'-০" × ২১'-০" (এক তলা)	১টি	১
২.	টিন শেড স্থাপনা সমূহ সাইজ : ২৬' × ১৫', ১৮' × ২৮', ২৮' × ২৭', ২৭' × ৫৪', ২৭' × ৭৫'	৫টি	২
৩.	নতুন ক্যাম্পাসের নির্মাণাধীন একাডেমিক ও আইসিটি ইনকিউবেটর ভবনের লে-আউটের মধ্যে অবস্থিত অপসারণকৃত টিন শেড স্থাপনা ও সীমানা প্রাচীর হতে প্রাপ্ত মালামাল এবং একাডেমিক ভবনের প্রি-কাস্ট পাইলের হেড-ব্রেকিং থেকে প্রাপ্ত রড।	১ লট	
৪.	অকেজো/পরিত্যক্ত ৩২০ কেবিএ ট্রান্সফরমার (জ্ঞাপ হিসাবে কেজি দরে)।	১টি	৩
৫.	পুরাতন/অকেজো/পরিত্যক্ত বৈদ্যুতিক মালামাল (জ্ঞাপ হিসাবে)।	১ লট	৪
৬.	কেএনআই হলের পেছনে ঝড়ে হেলে যাওয়া মেহগনি গাছ।	১টি	৫

আগ্রহী ক্রেতাপ্রাপ্তকে আগামী ১১/১২/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের নিলাম কমিটির সভাপতির অফিস/সদস্য-সচিবের অফিস (শহীদ সৈয়দ নজরুল ইসলাম একাডেমিক ভবন রুম নং-১০০১০) থেকে দরপত্রের সিডিউল সংগ্রহ করে প্রস্তাবিত দর (অংকে ও কথায়) উল্লেখপূর্বক দরপত্র সীলমোহরকৃত খামে একই অফিসে জমা দানের জন্য আহ্বান করা হল। ঐ দিন দুপুর ০২.৩০ ঘটিকায় প্রাপ্ত দরপত্রসমূহ নিলাম কমিটির সভাপতির দপ্তরে উপস্থিত সকল দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রকাশ্যে খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের পর যথাযথ নিয়মে মূল্য, আয়কর ও ভ্যাট পরিশোধ সাপেক্ষে নিলাম সিডিউলে বর্ণিত নির্দিষ্ট সময়ের মধ্যে উল্লিখিত স্থাপনা অপসারণ/মালামাল নিজ খরচে এবং নিজ দায়িত্বে গেইট পাশের মাধ্যমে নিয়ে যেতে হবে।

উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিলামের নিয়ম অনুসরণ করে নিলাম কার্য সম্পাদন করা হবে এবং প্রস্তাবিত দরের উপর ১০% হারে উৎসে কর ও ৭.৫% হারে ভ্যাট প্রদেয় হবে। প্রত্যেক দরপত্রের সাথে দাখিলকৃত মোট দরের অনূর্ধ্ব এক লক্ষ টাকা পর্যন্ত ৮% হারে এবং তদূর্ধ্ব ৫% হারে জামানত (তবে ৫,০০০/- টাকার কম নহে) যে কোন তরফীলি ব্যাংক হতে “ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। নির্ধারিত হারে প্রয়োজনীয় জামানত ব্যতিরেকে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।



(অধ্যাপক ড. মোঃ আনওয়ারুল আবেদীন)

সভাপতি


নিলাম কমিটি

তারিখ : ২৩/১১/২০২২ খ্রিঃ

স্মারক নং-ঢাপ্রপ্রবি/নিলাম/২০২২-২৩/০১

অনুলিপি : সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে)- জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। এপিএস টু প্রো-ভিসি(প্রো- ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৪। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৫। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হইল।)
- ৬। অফিস প্রধান, কম্পিউটার অফিস, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৭। সকল সদস্য, নিলাম কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৮। নিলামযোগ্য মালামালের সংশ্লিষ্ট বিভাগ/অফিস/শাখা, অত্র বিশ্ববিদ্যালয়;
- ৯। সিনিয়র সহকারী পরিচালক (নিরাপত্তা), অত্র বিশ্ববিদ্যালয়;
- ১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়;
- ১১। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।



(প্রকৌশলী মুহাম্মদ মাহফুজুর রহমান)

নির্বাহী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার ও

সদস্য-সচিব, নিলাম কমিটি